দৈনিক জনকণ্ঠ

MAR. 12 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১ ... কলাম ... ৩ ......

# সাতকানিয়ায় ছাত্রলীগ-শিবির দু'ঘণ্টা গুলিবিনিময় ॥ হত ১
## চট্টগ্রামে হরতাল আহ্বান

**স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥** সাতকানিয়ার গাটিয়াডাঙ্গায় রবিবার সকালে ছাত্রলীগ ও শিবিরের মধ্যে প্রায় দু'ঘণ্টাব্যাপী গুলিবিনিময়ের ঘটনা ঘটেছে। এতে গুলিবিদ্ধ হয়ে একজন ঘটনাস্থলেই প্রাণ হারিয়েছে। তার নাম আবদুল মোনায়েম মুন্না (২৫)। সে শ্রমিক কল্যাণ ফেডারেশন কর্মী ও রেয়াজউদ্দিন বাজারের কাপড় ব্যবসায়ী। জামায়াত এ ঘটনার প্রতিবাদে আগামীকাল মঙ্গলবার বৃহত্তর চট্টগ্রামে সকাল-সন্ধ্যা হরতাল আহ্বান করেছে।

ছাত্রলীগ সূত্রে জানানো হয়, সকাল সাড়ে

(২- পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)

## সাতকানিয়ায় ছাত্রলীগ

(প্রথম পাতার পর) ... ৮টায় তাদের দুই কর্মী জসিম ও শাহআলম গাটিয়াডাঙ্গা বাজারে গেলে শিবিরকর্মীরা তাদের ওপর চড়াও হয়। এ দু'জন এ সময় পার্শ্ববর্তী পুলিশ ক্যাম্পে আশ্রয় নেয়। খবর পেয়ে ছাত্রলীগকর্মীরা তাদের উদ্ধার করতে গেলে শিবির এলোপাতাড়ি গুলি চালায়। এতে উভয়পক্ষের মধ্যে গুলিবিনিময় শুরু হয়। প্রায় দু'ঘণ্টাব্যাপী গোলাগুলিতে ৭০/৮০ রাউন্ড গুলি বিনিময় হয়। ছাত্রলীগ এতে শাহ আলম জসিম, মনির ও ফরিদ নামে চার কর্মী গুলিবিদ্ধ হয়েছে বলে দাবি করেছে।

পক্ষান্তরে জামায়াত সূত্র বলেছে, রবিবার ছিল মুন্নার বোনের বিয়ে। এ উপলক্ষে সে বাড়ি থেকে বেরুলে ছাত্রলীগ সন্ত্রাসীরা তার ওপর হামলা চালায়। তাদের গুলিতেই মুন্না মারা যায়। এ ঘটনায় যুবলীগ নেতা গোলাম হোসেনসহ ৬ জনের নামে মামলা হয়েছে। জামায়াত এ ঘটনার প্রতিবাদে বিক্ষোভ মিছিল, সমাবেশ ছাড়াও সন্ধ্যায় চট্টগ্রাম প্রেসক্লাবে সংবাদ সম্মেলন করে এ ঘটনার জন্য আওয়ামী লীগ-ছাত্রলীগকে দায়ী করে হরতাল ডাকে। এদিকে একই দিন অর্থাৎ মঙ্গলবার জাতীয় পার্টিও চট্টগ্রামে পূর্ণদিবস হরতাল ডেকেছে। জাপা চেয়ারম্যান এরশাদের মুক্তির দাবিতে ইতোপূর্বে এ হরতাল আহ্বান করা হয়।